

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 03-11-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-GBP:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা জিবিপি হাসপাতাল, আগরতলায় ক্রিটিক্যাল কেয়ার বিল্ডিং (সিসিবি), সংক্রামক রোগ কেন্দ্র (সিডিসি), ২০ শয্যাবিশিষ্ট বিশেষ ওয়ার্ডের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং সকাল ১০:৩০ টায় এজিএমসি এবং জিবিপি হাসপাতালের কেএলএস অডিটোরিয়ামে লখনৌর সঞ্জয় গান্ধী পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউটের সঙ্গে টেলি-মেডিসিন সংযোগ এবং আন্তঃবিভাগীয় কল ম্যানেজমেন্ট সিস্টেম (আইডিসিএমএস)-এর ডিজিটাল উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

**P M to inaugurate ESTIC-2025:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির ভারত মণ্ডপে উদীয়মান বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন কনক্লেভ (ESTIC) -২০২৫ উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে উপস্থিত জনসভায় ভাষণ দেবেন। দেশে গবেষণা ও উন্নয়ন বাস্তবায়নকে একটি বড় ধরনের উৎসাহ প্রদানের জন্য ১ লক্ষ কোটি টাকার গবেষণা উন্নয়ন ও উদ্ভাবন (RDI) প্রকল্প তহবিলও চালু করবেন তিনি। এই প্রকল্পের লক্ষ্য ভারতে একটি বেসরকারি ক্ষেত্র-পরিচালিত গবেষণা ও উন্নয়ন বাস্তবায়নকে উৎসাহিত করা। ৩ দিনের ESTIC -২০২৫ শিক্ষাবিদ, গবেষণা প্রতিষ্ঠান, শিল্প এবং সরকারের ৩,০০০ জনেরও বেশি অংশগ্রহণকারীকে একত্রিত করবে, যার মধ্যে নোবেল বিজয়ী, বিশিষ্ট বিজ্ঞানী, উদ্ভাবক এবং নীতিনির্ধারণকরাও থাকবেন। উন্নত উপকরণ ও উৎপাদন, কৃত্রিম বুদ্ধিমত্তা, জৈব-

উৎপাদন, নীল অর্থনীতি, ডিজিটাল যোগাযোগ, ইলেকট্রনিক্স ও সেমিকন্ডাক্টর উৎপাদন, উদীয়মান কৃষি প্রযুক্তি, শক্তি, পরিবেশ ও জলবায়ু স্বাস্থ্য ও চিকিৎসা প্রযুক্তি, কোয়ান্টাম বিজ্ঞান ও প্রযুক্তি এবং মহাকাশ প্রযুক্তি সহ ১১টি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা হবে।

\*\*\*\*\*

### **Sanskriti Hut- CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আগরতলা নন্দন নগরের সেনপাড়ায় সাপ্তাহিক হাটের সংস্কৃতি চর্চা ও জীবিকা উন্নয়নে গ্রামীণ জীবিকা মিশনের পক্ষ থেকে পশ্চিম জেলা ও পুরাতন আগরতলা ব্লকে একককালীন ৫০ লক্ষ ২৫ হাজার টাকা অনুদান দেওয়া সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল আগরতলার নন্দননগর সেনপাড়ায় সাপ্তাহিক সংস্কৃতি হাটের শততম সপ্তাহ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই স্বসহায়ক দলগুলি দেশের আর্থিক মান্নোয়ন ঘটিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আত্মনির্ভর ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Dr. Jitendra Singh -Digital Life Certificate Drive:**

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডাঃ জিতেন্দ্র সিং আজ নয়াদিল্লিতে চতুর্থ পর্যায়ের জাতীয় ডিজিটাল জীবন প্রমাণ শংসাপত্র অভিযানের আওতায় এসবিআই মেগা ক্যাম্পে যোগদান করবেন। কেন্দ্রীয় কর্মচারী, জনঅভিযোগ ও পেনশন সংক্রান্ত মন্ত্রক জানিয়েছে, এই অভিযানের লক্ষ্য ২০০০-এরও বেশি শহর ও শহরের দুই কোটি পেনশনভোগীর কাছে সম্পর্ক-ভিত্তিক আউটরিচ পদ্ধতির মাধ্যমে পৌঁছানো। মন্ত্রক আরও জানিয়েছে, এই অভিযানে আধার-ভিত্তিক ফেস

অথেনটিকেশন প্রযুক্তি ব্যবহারের উপর জোর দেওয়া হয়েছে, যার ফলে পেনশনভোগীরা বায়োমেট্রিক ডিভাইস ব্যবহার ছাড়াই তাদের জীবন প্রমাণ শংসাপত্র জমা দিতে পারবেন। এই অভিযানে পেনশনভোগীদের ডিজিটাল অন্তর্ভুক্তি অর্জনের জন্য সহযোগিতার কাজে যুক্ত অংশীদাররা যোগ দেবেন।

\*\*\*\*\*

### **ISRO Launched Heaviest satellite :**

ভারতের মহাকাশ সংস্থা ইসরো শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে LVM3-M5 রকেটটি গতকাল সফলভাবে উৎক্ষেপণ করেছে। রকেটটির মাধ্যমে দেশের সবচেয়ে ভারী কৃত্রিম যোগাযোগ উপগ্রহ CMS-03কে মহাকাশে পাঠানো হয়েছে। সেটি ছিল LVM3 লঞ্চারের পঞ্চম কার্যকরী উড্ডয়ন। এই উপগ্রহটি ভারত এবং কাছাকাছি সমুদ্র অঞ্চলে মাল্টি-ব্যান্ড যোগাযোগ পরিষেবা প্রদান করবে। অসামরিক এবং কৌশলগত উভয় ব্যবহারের জন্য নিরাপদ ডেটা, ভয়েস এবং ভিডিও লিঙ্কগুলিকে উন্নত করবে। ইসরো চেয়ারম্যান ডঃ ভি. নারায়ণন বিজ্ঞানীদের প্রশংসা করেছেন এবং বলেছেন, উৎক্ষেপণটি ভারী উপগ্রহ তৈরি এবং উৎক্ষেপণে ভারতের শক্তি তুলে ধরেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স হ্যান্ডেলে ইসরো বিজ্ঞানীদের অভিনন্দন জানিয়েছেন, সাফল্যের প্রমাণ হিসেবে ভারতের মহাকাশ খাত "উত্তমতা এবং উদ্ভাবনের" প্রতীক।

\*\*\*\*\*

### **Murasing Mela preparation:**

দক্ষিণ জেলার পতিছড়ি মুড়াসিং পাড়ার শ্রী শ্রী হরিচাঁদ গোস্বামী মন্দিরে রাস পূর্ণিমা উপলক্ষে এবারও অনুষ্ঠিত হবে মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব। এই নভেম্বর বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এই উৎসবের উদ্বোধন করবেন।

আজ এক সাংবাদিক সম্মেলনে এই খবর জানান মুড়াসিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসব কমিটির সম্পাদক ভাগ্যচরণ মুড়াসিং ।

\*\*\*\*\*

### **Women world cup :**

মুম্বাই-এর ডঃ ডিওয়াই পাটিল স্পোর্টস একাডেমিতে আয়োজিত আইসিসি এক দিনের মহিলা বিশ্বকাপ ক্রিকেটে দক্ষিণ আফ্রিকাকে ৫২ রানে হারিয়ে প্রথমবারের মতো চ্যাম্পিয়ান হয়েছে ভারতীয় মহিলা দল। ভারত প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ৫০ ওভারে সাত উইকেট হারিয়ে ২৯৮ রান তোলে। জবাবে খেলতে নেমে দক্ষিণ আফ্রিকা ৪৫ দশমিক ৩ ওভারে সবকটি উইকেট হারিয়ে ২৪৬ রান তুলতে সক্ষম হয়। ম্যাচে ৮৭ রান ও দুইটি গুরুত্বপূর্ণ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন শেফালি বর্মা। ফাইনাল ম্যাচে পাঁচ উইকেট ও ৫৮ রান ছাড়াও গোটা প্রতিযোগিতায় ভাল খেলার জন্য প্লেয়ার অব দ্যা সিরিজের পুরস্কার পেয়েছেন দীপ্তি শর্মা।

\*\*\*\*\*

### **CK Naidu Trophy:**

ত্রিপুরা ও সৌরাষ্ট্রের মধ্যে কর্ণেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা গতকাল থেকে আগরতলায় শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে টসে জিতে সফরকারী সৌরাষ্ট্র প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় এবং প্রথম ইনিংসে আজ দ্বিতীয় দিনে ৪ উইকেটে ৩১৯ রান হাতে নিয়ে খেলা শুরু করবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

